

## মাস্ক ও খাদ্য বিতরণ

ইয়ুথ এন্ডিং হাঙ্গার ময়মনসিংহ ডি কে ইসলামিয়া হাই স্কুল এন্ড কলেজ ইউনিটের যুগ্ম কো-অর্ডিনেটর মো. আরিফ মিয়া তার সহপাঠীদের নিয়ে এলাকার বিত্তবানদের সহযোগিতায় ২৫ এপ্রিল ময়মনসিংহ সদর উপজেলার দাপুনিয়া ইউনিয়নের গোষ্ঠা গ্রামের অতিদরিদ্র পরিবারগুলোর মাঝে মাস্ক ও বিপদাপন্ন ১০টি পরিবারে খাবার বিতরণ করেন। এছাড়াও ময়মনসিংহ সদর



উপজেলার দাপুনিয়া ইউনিয়নের ইয়ুথ এন্ডিং হাঙ্গার ইউনিটের ইয়ুথ লিডাররা করোনামুক্ত গ্রাম গড়ার কর্মসূচির অংশ হিসেবে নিয়মিত এলাকার মানুষকে সচেতন করার কাজ করছেন।

প্রতিবেদক : পিয়াস, ময়মনসিংহ

## রংপুরে অনলাইন প্রচারণা



YOUTH ENDING HUNGER  
BEGUM ROKEVA UNIVERSITY,  
RANGPUR UNIT

## রমজানের ইফতার সামগ্রী বিতরণ

এক অন্য রকম রমজান শুরু করলেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার নেত্রকোণা জেলা ফোরামের কো-অর্ডিনেটর সোলায়মান শেখ। তার নেতৃত্বে ময়মনসিংহের হালুয়াঘাট উপজেলাধীন গাতি ও মাটিকাটা এলাকায় দুঃস্থ মানুষের পাশে দাঁড়িয়েছেন ইয়ুথ লিডার মাসুদ, তিতাস, রিদুয়ান, আরিফুল, আয়েশা, অনব, সাকিল, আকাশ এবং পলাশ। মানবিক সহায়তার লক্ষ্যে তারা ফেইসবুকে যোগাযোগের মাধ্যমে কিছু অর্থ সংগ্রহ করেন এবং এর সাথে নিজেদের চাঁদা যুক্ত করে ১৮টি অতিদরিদ্র পরিবারের মাঝে প্রথম রোজার আগেরদিন ২৪ এপ্রিল সন্ধ্যায় খাদ্য সামগ্রী পৌঁছে দেন। তারা প্রতিটি পরিবারে দেড় কেজি মুড়ি, এক কেজি ছোলা, এক লিটার তেল, পাঁচ কেজি করে চিনি, ডাল ও পেঁয়াজ এবং একটি সাবান দেন।



রমজান মাসে এই সহযোগিতা পেয়ে নিতান্ত অসহায় অবস্থায় থাকা পরিবারগুলোর মধ্যে আনন্দ ফিরে এসেছে।

## স্থানীয় সরকারের সাথে কাজ করছে ইয়ুথ লিডাররা

রংপুর জেলার গঙ্গাচরা উপজেলার আলমবিদিতর ইউনিয়ন ইয়ুথ এন্ডিং হাঙ্গারের যুগ্ম-সমন্বয়কারী শেখ রবিউল রহমান রাজুর নেতৃত্বে ইয়ুথ লিডাররা স্থানীয় সরকার এবং পুলিশ প্রশাসনের সাথে স্বচ্ছসেবী হয়ে কাজ করছেন। গত ২৩ এপ্রিল আলমবিদিতর ইউনিয়ন চেয়ারম্যান আফতাবুজ্জামান আফতাব এর উদ্যোগে ৪০০টি অতিদরিদ্র পরিবারের মাঝে খাবার পৌঁছে দেওয়া হয়। এই কাজে পুলিশ কর্মকর্তাদের সাথে আলমবিদিতর ইউনিয়নের ইয়ুথ লিডাররা স্বচ্ছসেবক হিসেবে কাজ করেছেন।



## মেহেরপুরে সাবান বিতরণ

মেহেরপুর জেলার গাংনী উপজেলার রামনগর গ্রামকে করোনামুক্ত রাখার কর্মসূচির অংশ হিসেবে মানুষদের হাত ধোয়ার অভ্যাস গড়ে তোলার লক্ষ্যে ইয়ুথ এন্ডিং হাঙ্গার মেহেরপুর জেলার নেতা সবুজ খানের নেতৃত্বে ২৫ এপ্রিল রামনগর গ্রামে অতিদরিদ্র পরিবারগুলোর মাঝে ৪০টি সাবান বিতরণ করা হয়। করোনামুক্ত গ্রাম গড়তে এলাকায় সচেতনতা বৃদ্ধির জন্য ইয়ুথ এন্ডিং হাঙ্গারের ইউনিটগুলো বিভিন্ন কর্মসূচি পরিচালনা করছে।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি  
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব  
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ  
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org  
yeh.thpbd.org | thpbd.org  
facebook.com/YEHBD

হেয়ার্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)  
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।  
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

